

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৮২১

আগরতলা, ২২ জুন, ২০২২

**আনন্দবাজার এমসিএইচ ক্লিনিকে মা ও শিশুর টিকাকরণ**

উত্তর জেলার আনন্দবাজার সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের এমসিএইচ ক্লিনিকে গত ১৫ জুন মা ও শিশুর টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। তাতে চার জন মা ও ১০ জন শিশুকে টিকাকরণ করা হয়। এই টিকাকরণে এমসিএইচ ক্লিনিকের এমপিডব্লিও অঞ্জনা রিয়াং শিশুদের টিকাকরণের পাশাপাশি শিশুদের পুষ্টিকর খাদ্য গ্রহণ নিয়ে পরামর্শ প্রদান করেন এবং শিশু ও গর্ভবতী মায়ীদের টিকাকরণের গুরুত্ব, গর্ভবতী মায়ীদের কমপক্ষে চারটি এএনসি চেকআপ নিশ্চিত করা, জননী ও শিশু সুরক্ষা কার্যক্রম প্রকল্পের সুবিধা সমূহ, কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধের উপায় নিয়ে উপস্থিত সকলকে পরামর্শ প্রদান করেন।

এছাড়াও উক্ত স্বাস্থ্যকেন্দ্রের অধীন কালাপানি উপস্বাস্থ্যকেন্দ্রে গত ১৫ জুন মা ও শিশুর টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। তাতে একজন মা ও ছয়জন শিশুকে টিকাকরণ করা হয়। এই টিকাকরণে উপস্বাস্থ্যকেন্দ্রের এমপিডব্লিও মদন চাকমা শিশুদের টিকাকরণের পাশাপাশি শিশুদের পুষ্টিকর খাদ্য গ্রহণ নিয়ে পরামর্শ প্রদান করেন এবং শিশু ও গর্ভবতী মায়ীদের টিকাকরণের গুরুত্ব নিয়ে পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে আশা ফেসিলিটেটর মল্লিকা রিয়াং সহ এলাকার আশাকর্মী উপস্থিত ছিলেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*